

# এসএসসির ফল ১০ থেকে ১২ জুলাইয়ের মধ্যে

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ০৭ জুলাই ২০২৫



চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামী ১০ থেকে ১২ জুলাইয়ের মধ্যে প্রকাশিত হতে পারে। ফল প্রকাশের সম্ভাব্য এই তিনি দিনের প্রস্তাব ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার।

মঙ্গলবার দুপুরে তিনি বলেন, “১০, ১১ ও ১২ জুলাই—এই তিনটি তারিখের মধ্যে যেকোনো একদিন ফল প্রকাশের জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। এখন চূড়ান্ত সিদ্ধান্ত নেবে শিক্ষা মন্ত্রণালয়।”

সাধারণত পরীক্ষা শেষের ৬০ দিনের মধ্যে এসএসসি ও সমমানের ফল প্রকাশ করা হয়। সে অনুযায়ী, চলতি মাসের ২৫ তারিখের মধ্যে ফলাফল প্রকাশের সময়সীমা রয়েছে।

এবারের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয় ১০ এপ্রিল। লিখিত পরীক্ষা শেষ হয় ১৩ মে এবং ব্যবহারিক পরীক্ষা শেষ হয় ২২ মে।

৯টি সাধারণ শিক্ষা বোর্ডসহ মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে এ বছর  
পরীক্ষায় অংশ নিতে নিবন্ধন করেছিলেন ১৯ লাখ ২৮ হাজার ১৮১ জন  
শিক্ষার্থী। তবে ৩০ হাজারের বেশি পরীক্ষার্থী এক বা একাধিক বিষয়ে  
পরীক্ষায় অংশ নেননি।